

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৯০

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৫

২৯ সেপ্টেম্বর, ১ এবং ৪ অক্টোবর স্বাস্থ্য প্রতিষ্ঠানের বহির্বিভাগ খোলা থাকবে

সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭ সেপ্টেম্বর ২০২৫ থেকে ৬ অক্টোবর ২০২৫ (চতুর্থ শনিবার, রবিবার, মহাসপ্তমী, মহাঅষ্টমী, মহানবমী, বিজয়া দশমী, দুই দিন অতিরিক্ত ছুটি, রবিবার এবং লক্ষ্মী পূজা) পর্যন্ত পরপর দশদিন সরকারি ছুটি থাকায় আগামী ২৯ সেপ্টেম্বর ২০২৫ (মহাসপ্তমী), ১ অক্টোবর ২০২৫ (মহানবমী) এবং ৪ অক্টোবর ২০২৫ (অতিরিক্ত ছুটি), এই দিনগুলোতে ত্রিপুরা সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধীন সমস্ত স্বাস্থ্য প্রতিষ্ঠানের বহির্বিভাগ যথারীতি খোলা থাকবে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
